



যুক্তরাষ্ট্রের সেনাপ্রধান জেনারেল র্যাড্ডি জর্জ বরখাস্ত



যুক্তরাষ্ট্রের সেনাপ্রধান জেনারেল র্যাড্ডি জর্জ। ছবি: রয়টার্স

যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তরে উচ্চপর্যায়ের রদবদলের অংশ হিসেবে সেনাপ্রধান জেনারেল র্যাড্ডি জর্জকে দায়িত্ব থেকে সরানো হয়েছে। বৃহস্পতিবার প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ এ সিদ্ধান্ত নেন বলে একাধিক সূত্র জানিয়েছে।

যদিও আনুষ্ঠানিকভাবে পেট্যাগন বিষয়টিকে 'অবসর' হিসেবে উল্লেখ করেছে। এক বিবৃতিতে বলা হয়, যুক্তরাষ্ট্রের ৪১তম আর্মি চিফ অব স্টাফ জেনারেল জর্জ অবিলম্বে অবসরে যাচ্ছেন। তবে তাঁর দায়িত্বের মেয়াদ শেষ হতে এখনও এক বছরের বেশি সময় বাকি ছিল।

এদিকে পেট্যাগন তাঁর দীর্ঘ সামরিক ক্যারিয়ারের প্রশংসা করেছে এবং ভবিষ্যৎ জীবনের জন্য শুভকামনা জানিয়েছে। তবে হঠাৎ এ বিদায়ের পেছনে নির্দিষ্ট কোনো কারণ এখনো প্রকাশ করা হয়নি।

সূত্র : রয়টার্স

LENS ASIA